

২০২৫

বাংলা — এম. ডি. সি.

চতুর্থ সেমেস্টার

পত্র : CC-4

(বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'কেবল আসার আশা ভবে আসা' — পদটির রচয়িতা কে? কোন পর্যায়ের পদ? 'ভবে আসা' কথাটির অর্থ কী? পদটির কাব্যসৌন্দর্য বিচার করো। ১+১+১+১+২

অথবা

- (খ) 'মালতীবালা বালিকা বিদ্যালয়' কবিতায় একটি নারীর যে জীবনকাহিনি প্রকাশিত হয়েছে, তার পরিচয় দাও। ১৫

- ২। (ক) 'লক্ষ্যকর্ণ' গল্পে কৌতুকরসের অবতারণা কীভাবে সার্থক হয়ে উঠেছে, তা বিশ্লেষণ করো। ১৫

অথবা

- (খ) সমরেশ বসুর 'আদাব' গল্পটিতে হিংসার বিপরীতে কীভাবে মানবিকতার চিত্র উজ্জ্বল হয়ে উঠেছে, তা আলোচনা করো। ১৫

- ৩। (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

অথবা

- (খ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটিতে প্রকাশিত সামাজিক অবক্ষয়ের চিত্রকে নবকুমার চরিত্রটি কীভাবে ধারণ করে আছে, তা আলোচনা করো। ১৫

- ৪। (ক) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতায় কবির দেশাত্মবোধের পরিচয় সংক্ষেপে বিবৃত করো। ৫

অথবা

- (খ) 'যে-কোনো দিকেই আমি চলে যেতে পারি  
কিন্তু, কেন যাবো?'

—কবি কেন এ-কথা বলেছেন? তিনি যাওয়ার পরিবর্তে কী করতে চান? ৪+১

Please Turn Over

(2865)

৫। (ক) 'মাকে পোড়াবি তো গাছের দাম পাঁচটা টাকা আন গে'— কে কাকে বলেছিল? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা

(খ) 'হারাণের নাতজামাই' গল্পে ময়নার মা ভুবন মণ্ডলকে কীভাবে রক্ষা করেছিল, তা সংক্ষেপে লেখো। ৫

৬। (ক) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনটি অবলম্বনে জ্ঞানতরঙ্গিনী সভার বর্ণনা দাও। ৫

অথবা

(খ) "এমন স্বামী থাকলেই বা কী আর না থাকলেই বা কী।"— কার উক্তি? সে কেন এমন কথা বলেছে তা প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও। ১+৪

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'আসা কিংবা যাওয়ার কালে / জাতের চিহ্ন রয় করে?'— কে বলেছেন?

(খ) সুকুমার রায়ের 'আবোল তাবোল' কত সালে প্রকাশিত হয়?

(গ) 'কলকাতা একদিন কল্লোলিনী তিলোত্তমা হবে'— কোন কবিতার অংশ?

(ঘ) 'কানের ভিতর দিয়া মরমে পশিল গো'— 'পশিল' শব্দটির অর্থ কী?

(ঙ) 'বাবরের প্রার্থনা' কবিতাটি কোন কাব্যগ্রন্থে সংকলিত আছে?

(চ) লখনলালজী কে?

(ছ) 'আমার ভাই ফাঁসি গেলে আর তো ভাই পাইব না।'— কে বলেছে?

(জ) 'বেলেঘাটা কেরাসিন ব্যান্ড' দলের ব্যান্ডমাস্টারের নাম কী?

(ঝ) 'দশটা গাঁয়ের বাপ'— কার সম্পর্কে বলা হয়েছে?

(ঞ) দুখিরামের স্ত্রীর নাম কী?

(ট) কাঙালির বাবা রসিক যে গাছটি কাটছিল, সেটি কী গাছ?

(ঠ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকটির প্রকাশকাল কত?

(ড) নবকুমারের পিতা কোথায় থাকতেন?

(ঢ) জ্ঞানতরঙ্গিনী সভার নতুন চেয়ারম্যানের নাম কী?

(ণ) হরকামিনী কে?